4 সংগ্রহ

আমরা প্রতি সপ্তাহে আপনার খাদ্য বর্জ্য সংগ্রহ করব।

আপনার বাইরের ফুড ওয়েস্ট রিসাইক্লিং বিন হ্যান্ডেল খাড়া করে লক করা অর্থাৎ তালা দেয়া অবস্থায় রাখুন।
বিনটি আপনার সম্পত্তির প্রান্তে, আপনার গেটের কাছে বা আপনার ড্রাইভের শেষ প্রান্তে রাখা উচিত।

দয়া করে ফুটপাতে বিন রাখবেন না।





আপনার খাদ্য বর্জ্য সংগ্রহের দিন হল **সোমবার**



সেদিন আপনার বিন সকাল ৬টার মধ্যে সম্পত্তির সীমানায় রাখা সুনিশ্চিত করুন।



সংগ্রহের পর আপনার খাদ্য বর্জ্যের কী হয়?

আপনার খাবারের বর্জ্যের এখন ভবিষ্যৎ আছে। রিসাইকেল করলে, আপনার খাদ্য বর্জ্য রুপান্তরিত হয়ে কাজের উপাদানে পরিণত হবে। আপনার খাদ্য বর্জ্য একটি স্থানীয় অ্যানেরোবিক ডাইজেশন সুবিধাকেন্দ্রে নিয়ে যাওয়া হয়, যেখানে এটি প্রাকৃতিক শক্তির উৎস তৈরিতে ব্যবহৃত হয়, যেমন ন্যাশনাল গ্রিডের জন্য বায়োগ্যাস, যা জীবাশ্ম জ্বালানির চমৎকার বিকল্প এবং জৈব সার যা কৃষিকাজে ব্যবহার করা যায় - যা জলবায়ুর জরুরি অবস্থা মোকাবিলা এবং দায়িত্বশীল সাধন ব্যবহারে সহায়তা করে।

5 সচরাচর জিজ্ঞাসিত প্রশ্নাবলী



যদি আমার কোনো খাবারের বর্জ্য না থাকে তবে কী হবে?

মনে রাখবেন, কোনো পরিমাণই খুব কম নয়। খাবার নিয়ে আমরা সবচেয়ে ভালো যে কাজটি করতে পারি তা হলো উপভোগ করা, কিন্তু কলার খোসা, টি ব্যাগ এবং প্লেটের অবশিষ্টাংশের মতো কিছু বর্জ্য অনিবার্য এবং এসবই রিসাইকেল করা যায়।

আমার এসব করার সময় নেই – কেন করা উচিত?

এটি করা সহজ, আপনাকে শুধু এই লিফলেটের নির্দেশাবলী অনুসরণ করতে হবে। এটি করতে মাত্র কয়েক সেকেন্ড সময় লাগে, প্রতি সপ্তাহে সংগ্রহ করা হয় এবং আপনার আবর্জনার ঝুড়িতে যা থাকে তা কমাতে সাহায্য করে। আরও গুরুত্বপূর্ণ বিষয় যে এটি বর্জ্যকে এনার্জি-ফ্রম-ওয়েস্ট ট্রিটমেন্ট থেকে সরিয়ে অ্যানেরোবিক ডাইজেশনে নিয়ে যায়, যেখানে এটি নবায়নযোগ্য শক্তি এবং সারে পরিণত হয়। আপনার ভূমিকা পালন করে কার্বন নিঃসরণ কমাতে, অর্থ সাশ্রয় করতে এবং জলবায়ুর জরুরি অবস্থার মোকাবিলা করতে সাহায্য করছেন—কোনো বাড়তি চাপ সৃষ্টি না করেই।

আমার ক্যাডি রাখার জায়গা নেই, কী করা উচিত?

অনেকেই মনে করেন যে এটি সিঙ্কের নিচে, রান্নাঘরের ডাস্টবিনের পাশে বা ওয়ার্ক টপের উপর রাখা সুবিধাজনক। মনে রাখবেন, আপনি যদি আরও স্টাইলিশ কিছু পছন্দ করেন বা আপনার রান্নাঘরের সাথে আরও ভালো মানানসই হয়, তবে নিজের পাত্র ব্যবহার করতে পারেন।

আমার বিনের খাবার কি গন্ধ ছড়াবে?

না, যদি আপনি নিয়মিত আপনার রান্নাঘরের ক্যাডি বাইরের ফুড ওয়েস্ট রিসাইক্লিং বিনে খালি করেন এবং লাইনার বেঁধে রাখেন। আপনার বাইরের বিনে সিল এবং তালাযোগ্য ঢাকনা রয়েছে যা গন্ধ এবং পোকামাকড় ভিতরে ঢোকা রোধ করবে।



এই তথ্যের অনূদিত সংস্করণের জন্য QR কোড স্ক্যান করুন:

Traducere gratuită
Tradução gratuita
মফত অনুবাদ
বিনামূল্যে অনুবাদ
مفت ترجمہ.





Funded by UK Government

Newham London

খাদ্য বর্জ্য রিসাইক্লিং কালেকশন

আপনার সংগ্রহের দিন যা হবে...



পর্যায় 2 - রাস্তার স্তরের সম্পত্তি

newham.gov.uk/foodwaste

1 আমরা কেন নতুন সাপ্তাহিক খাদ্য বর্জ্য পুনর্ব্যবহার সংগ্রহ ব্যবস্থা চালু করছি?

যুক্তরাজ্য সরকারের নতুন আইন প্রবর্তনের পরিপ্রেক্ষিতে আমরা নতুন সাপ্তাহিক খাদ্য বর্জ্য রিসাইক্লিং কালেকশন সেবা শুরু করছি।

আপনার খাবারের বর্জ্যের এখন ভবিষ্যৎ আছে। আপনার পাঠানো খাবারের বর্জ্য নবায়নযোগ্য শক্তি এবং সারে পরিণত করা হবে। নিজের ভূমিকা পালনের মাধ্যমে আপনি কার্বন নিঃসরণ কমাতে, অর্থ সাশ্রয় করতে এবং জলবায়ুর জরুরি অবস্থা মোকাবিলায় সাহায্য করবেন।

আপনার খাদ্য বর্জ্যের ক্যাডি ব্যবহারের জন্য প্রস্তুত। আজই আপনার খাদ্য বর্জ্য পুনর্ব্যবহার শুরু করুন!

আপনার নিম্নলিখিত জিনিসগুলি পাওয়ার কথা:



5 লিটারের রান্নাঘরের ক্যাডি



একটি রোল প্রাথমিক লাইনার



23-লিটার আউটডোর তালাযোগ্য বিন

লাইনারস

নতুন খাদ্য বর্জ্য সংগ্রহ পরিষেবা শুরু করার জন্য শুধু একটি প্রাথমিক রোল লাইনার পাবেন। আপনার যখন আরও লাইনারের প্রয়োজন হবে, তখন তা স্থানীয় সুপারমার্কেট থেকে কিনতে পারেন অথবা আপনার পছন্দমতো বিকল্প ব্যাগ ব্যবহার করতে পারেন। আপনি খাবারের বর্জ্য মোড়ানোর জন্য কাগজের ব্যাগ ব্যবহার করতে পারেন অথবা আপনার ক্যাডিতে খবরের কাগজ বিছিয়ে নিতে পারেন।

লাইনার আপনার রান্নাঘরের ক্যাডিকে পরিষ্কার রাখতে এবং যেকোনো দুর্গন্ধ কমাতে সাহায্য করে। তবে আমাদের খাবারের বর্জ্য সংগ্রহের জন্য আপনাকে এগুলি ব্যবহার করতেই হবে তা না।


2 আমার ক্যাডিতে কী কী রাখতে পারি?

আপনার সমস্ত খাবারের বর্জ্য রিসাইকেল করতে পারবেন, যার মধ্যে নিম্নলিখিতগুলি অন্তর্ভুক্ত:




প্লেটের অবশিষ্টাংশ

- ✓ গ্রহণ না করা সব খাবার এবং প্লেটের অবশিষ্ট খাবার



মাংস ও হাড়

- ✓ কাঁচা মাংস
- ✓ রান্না মাংস
- ✓ হাড়
- ✓ মাছ
- ✓ রান্না মাছ
- ✓ হাড়



মাছ



দুগ্ধজাত পণ্য

- ✓ দুগ্ধজাত খাদ্যপণ্য
- ✓ চীজ
- ✓ ডিম
- ✓ *ডিমের খোসা



চা ও কফির গুঁড়া

- ✓ টি-ব্যাগ
- ✓ কফির গুঁড়া



ভাত, পাস্তা ও শিম

- ✓ ভাত
- ✓ পাস্তা
- ✓ মটরশুটি



রুটি ও পেস্ট্রি

- ✓ রুটি
- ✓ কেক
- ✓ পেস্ট্রি



ফল ও শাকসবজি

- ✓ *কাঁচা সবজি
- ✓ রান্না সবজি
- ✓ গোটা ফল
- ✓ *ছালছোলা বা খোসা

বাসী এবং মেয়াদোত্তীর্ণ খাবার, প্যাকেজিং থেকে সরানো রেডি মিলসহ, রিসাইকেল করতে ভুলবেন না।

* এখানে অন্তর্ভুক্ত জিনিস আপনার বাগানের জন্য কম্পোস্টও করা যেতে পারে। আরও তথ্যের জন্য newham.gov.uk/composting দেখুন।

অনুগ্রহ করে এই উপকরণগুলির কোনোটিই আপনার ক্যাডি বা খাদ্য বর্জ্য রিসাইক্লিং বিনে ফেলবেন না।



✖ যে কোনো ধরনের প্যাকেজিং



✖ দুধের মতো তরল পদার্থ



✖ তেল বা তরল চর্বি



✖ খাদ্য বর্জ্য নয় এমন কোনো পদার্থ



✖ কালো আবর্জনার ব্যাগ

3 আপনার খাবারের বর্জ্য রিসাইকেল করা এখন আগের চেয়ে সহজ

আমরা সুবিধাজনক সাপ্তাহিক খাবারের বর্জ্য রিসাইক্লিং পরিষেবা প্রদান করব।

1. খাবারের বর্জ্য দিয়ে পূর্ণ করার আগে আপনার রান্নাঘরের ক্যাডিতে আপনার পছন্দের লাইনার বিছিয়ে নিন।



শীর্ষ পরামর্শ

যদি আপনার নিজের ঘরের ভেতরের পাত্র ব্যবহার করতে চান তা চলবে - আপনার জন্য যা সুবিধাজনক তা-ই করুন।

2. পূর্ণ হয়ে গেলে, লাইনারটি বেঁধে ফেলুন এবং রান্নাঘরের ক্যাডি নিয়ে আপনার বাইরের খাবারের বর্জ্য রিসাইক্লিং বিনে খালি করুন।



শীর্ষ পরামর্শ

খালি করার আগে আপনার ক্যাডিটি খুব বেশি পূর্ণ হতে দেবেন না, তা মনে রাখবেন।

3. আপনার খাবারের বর্জ্যের বিনটি সংগ্রহের জন্য বাইরে রাখার সময় বিনের হাতলটি খাড়া করে রাখুন, এটি নিশ্চিত করে যে বিনটি লক করা আছে।



প্রতি সপ্তাহে আপনার সংগ্রহের দিন সকাল ৬টার মধ্যে নিজের খাবারের বর্জ্যের বিন সংগ্রহের জন্য বাইরে রাখুন।